



## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, মস্কোতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন।**

২১ ফেব্রুয়ারী ২০২১:

বাংলাদেশ দূতাবাস, মস্কো যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ পালন করেছে। মহান এ দিনটি পালনের জন্য মিশন বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে।

দিবসের কর্মসূচী শুরু হয় ভাষা শহীদদের স্মরণে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে। দিনের প্রথম প্রহরে মিশনের সকল কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতিতে মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিত করেন। এরপর শহীদদের আত্মার চিরশান্তি কামনা করে একটি সংক্ষিপ্ত মোনাজাত অনুষ্ঠিত হয়।

সাহায্যকালীন কর্মসূচির শুরুতেই শোভাযাত্রা সহকারে মান্যবর রাষ্ট্রদূতের নেতৃত্বে মিশনের সকল কর্মকর্তা-কর্মচারী দূতালয়ের বঙ্গবন্ধু হলে স্থাপিত অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করার মাধ্যমে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। ক্রমান্বয়ে অনুষ্ঠানে আমন্ত্রিত প্রবাসী বাংলাদেশীগণ এবং বিদেশী অতিথিবৃন্দরাও শহীদ মিনারে পুষ্পার্ঘ্য প্রদান করেন।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পড়ে শোনান মিশনের কর্মকর্তাগণ। অতঃপর একুশে ফেব্রুয়ারী উপলক্ষে একটি ভিডিওচিত্র 'আমার মাতৃভাষা' প্রদর্শন করা হয়।

এরপর আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় যেখানে বক্তাগণ ভাষা শহীদদের ত্যাগের ইতিহাস তুলে ধরেন এবং এই দিবসের তাৎপর্য বর্ণনাপূর্বক মাতৃভাষার মর্যাদা রক্ষায় আমাদের ঐক্যবদ্ধ প্রচেষ্টার উপরে গুরুত্ব আরোপ করেন।

পরিশেষে মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান তার সমাপনী বক্তব্যে মহান ভাষা আন্দোলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্বের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে ভাষা আন্দোলনের গুরুত্ব আলোচনা করেন। তিনি শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত হবার জন্য আমন্ত্রিত অতিথিদের ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

অনুষ্ঠান শেষে সবাইকে ঐতিহ্যবাহী দেশী খাবারের আয়োজনে নৈশভোজে আপ্যায়িত করা হয়।

